নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
৯৭৯২ ৫/৭/২৩
গ্রহণকারী ঃ-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.২২০.০৫.০০১.২২-**২৫০৪**

তারিখঃ ০৭/০২/১৪৩০ বঙ্গাব্দ
২১/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শহিদুল আলম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |
| তারিখ | : | ২১/০৫/২০২৩খ্রিঃ |
| সময় | : | সকাল ১২.৩০ ঘটিকা। |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "ক" দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)'কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কার্যক্রম বিষয়ে সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। গণপূর্ত অধিদপ্তরের সেবা প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ সম্পর্কে সভায় অবহিত করেন। গণপূর্ত অধিদপ্তরের সিটিজেন চার্টারে উল্লেখিত সেবা সমূহ যথাসময়ে পাচ্ছেন মর্মে উপস্থিত কর্মকর্তাগণ অভিমত প্রকাশ করেন। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাগণকে সেবা প্রদান করার জন্য উপস্থিত সকল কর্মকর্তাকে আহবান জানানো হয়।

গণপূর্ত অধিদপ্তরের সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা নিম্নরূপ:

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র/ডকুমেন্টরী:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র/ডকুমেন্টরী 'চিরঞ্জীব মুজিব' গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিতিতে সময় সূচী নির্ধারন পূর্বক জরুরি ভিত্তিতে প্রদর্শন করা প্রয়োজন। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র/ডকুমেন্টরী 'চিরঞ্জীব মুজিব' গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তরে জরুরি ভিত্তিতে প্রদর্শনের আয়োজন গ্রহণ করতে হবে। | প্রধান কার্যালয়/সকল জোন/ সকল সার্কেল/সকল গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ। |
| ০২ | **সিটিজেন চার্টার অনুযায়ী মাঠপর্যায়ের কার্যক্রম:** সিটিজেন চার্টার অনুযায়ী মাঠ পর্যায়ে গণপূর্ত জোন/সার্কেল/বিভাগ হতে সেবাগ্রহীতাগণদের সেবা প্রদান করা হয়। বিভাগীয় ও জেলা পর্যায়ে সকল সরকারি অফিস, কোয়ার্টার মেরামত ও নির্মাণ কাজ গণপূর্ত বিভাগ কর্তৃক সম্পাদন করা হয়। | সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশী সংস্থা/ সেবাগ্রহীতাগণ'কে প্রদান করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সকল গণপূর্ত জোন/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল গণপূর্ত সার্কেল/ নির্বাহী প্রকৌশলী, সকল গণপূর্ত বিভাগসমূহ। |
| ০৩ | **সিটিজেন চার্টার অনুযায়ী প্রশাসনিক কার্যক্রম:** সিটিজেন চার্টার অনুযায়ী সংস্থাপন শাখা-১/২ হতে গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মচারীদের ছুটি, পাসপোর্ট এর অনাপত্তি, পিআরএল, পেনশনসহ সংস্থাপন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। সংস্থাপন শাখা-৩ হতে বিভাগীয় মামলা সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়। সংস্থাপন শাখা-৪ হতে গণপূর্ত অধিদপ্তরে কর্মরত গ্রেড ১১ হতে গ্রেড ২০ পর্যন্ত কর্মচারীদের বদলি, পদোন্নতি, বিভিন্ন ধরণের ছুটি, পিআরএল, পেনশনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। | সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)/(তদন্ত কোষ)। |
| ০৪ | **সিটিজেন চার্টার অনুযায়ী ঠিকাদারি কার্যক্রম:** সংস্থাপন শাখা-৩ হতে গণপূর্ত অধিদপ্তরের ঠিকাদারি লাইসেন্স সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করা হয়। ঠিকাদার নিবন্ধন প্রক্রিয়াটি সহজীকরনের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরে CES (Contractors' Enlistment System) নামে একটি ওয়েব (ces.pwd.gov.bd) ভিত্তিক Software গত ৩০/০৪/২০২৩ তারিখে চালু করা হয়েছে। অনলাইনে ঠিকাদারি প্রতিষ্ঠানের নিবন্ধন ও নবায়ন প্রক্রিয়ায় আবেদন ফরম পূরণ, বিভিন্ন ডকুমেন্টগুলো সংযুক্ত করণ এবং আবেদনপত্র ক্রয় ফি আবেদনকারী ঘরে বসেই জমা দিতে পারবেন। গণপূর্ত অধিদপ্তরে লাইসেন্স প্রাপ্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের তালিকা এবং বার্ষিক নবায়ন ফি জমা প্রদানের অনুমতি আদেশসহ অন্যান্য অফিস আদেশ গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হচ্ছে। | সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করতে হবে। অনলাইনে ঠিকাদারি প্রতিষ্ঠানের নিবন্ধন ও নবায়ন প্রক্রিয়ায় আবেদনের বিষয়ে সার্বিক সহায়তা প্রদান করতে হবে এবং সকল অফিস আদেশ ওয়েব সাইটে আপলোড করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/(এমআইএস) নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম)/ গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। নির্বাহী প্রকৌশলী, সকল গণপূর্ত বিভাগসমূহ। |

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৫ | **জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০২১:** "শুদ্ধচার পুরস্কার প্রদান নীতিমালা-২০২১" প্রকাশ করা হয়েছে। ২৫/০৪/২০২৩ তারিখে সমন্বয় সভায় সচিব মহোদয় ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার-২০২২ প্রদান পূর্বক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করেছেন। | জাতীয় শুদ্ধাচার পুরস্কার-২০২২ মূল্যায়ন কমিটি কর্তৃক নীতিমালার অনুচ্ছেদ ৪ এ উল্লেখিত শুদ্ধাচার পুরস্কারের সূচকের ভিত্তিতে ২০২২ সালের জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে জরুরি ভিত্তিতে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন জোন ভিত্তিক কর্মচারীদের নাম প্রস্তাব করতে হবে। | প্রধান কার্যালয়/সকল জোন/ সকল সার্কেল/সকল গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ। |
| ০৬ | **সিটিজেন চার্টার হালনাগাদ করণ:** সময়ের পরিপ্রেক্ষিতে নাগরিক সেবার ধরণ, প্রকৃতি ও সেবা প্রদানের প্রক্রিয়া পরিবর্তন হয়ে থাকে। এছাড়া কর্মকর্তাগণের বদলি ও পদোন্নতির ফলে সিটিজেন চার্টারের নির্ধারিত অংশের পরিবর্তনের প্রয়োজন হয়। সে কারণে সময়ে সময়ে সিটিজেন চার্টার হালনাগাদ করা একান্ত প্রয়োজন। সভায় সকল বিভাগ/সার্কেল/ জোন এর সিটিজেন চার্টার হালনাগাদের উপর গুরুত্ব আরোপ করা হয়। | নাগরিক সেবার ধরণ, প্রকৃতি ও সেবা প্রদানের প্রক্রিয়া এবং কর্মকর্তাগণের বদলি ও পদোন্নতির ফলে সিটিজেন চার্টারের নির্ধারিত অংশের পরিবর্তনের কারণে সিটিজেন চার্টার প্রতি ৩ মাস পর হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রধান কার্যালয়/সকল জোন/সকল সার্কেল/সকল বিভাগের নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। |
| ০৭ | **অভিযোগ প্রতিকার ও অবহিতকরণ সভা আয়োজন:** মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) এর ৫.১.১ (ক) অনুযায়ী কেন্দ্র কর্তৃক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হিসেবে জনাব মোঃ তৌফিক আলম সিদ্দিকী, নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ) এবং জনাব মোঃ মোতাহার হোসেন, যুগ্মসচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়'কে আপীল কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়। এ সংক্রান্ত অফিস আদেশ গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনায় উল্লেখিত প্রশিক্ষণ ও অবহিত করণ সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা-২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে কর্মকর্তা ও আপিল কর্মকর্তাকে অভিযোগ নিষ্পত্তি করতে হবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা এবং প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ)। |
| ০৮ | **প্রশিক্ষণ আয়োজন:** সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে ২.১ কার্যক্রম হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমকে আরও গতিশীল ও ফলপ্রসু করার লক্ষ্যে অধিদপ্তরের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পারিচালক পিডব্লিউডি ট্রেডিং একাডেমী ও টেস্টিং ও ল্যাবরেটরী এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা। |
| ০৯ | **তথ্য অধিকার আইনে তথ্য প্রদান:** গণপূর্ত অধিদপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তা ও প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার প্রশাসন ও প্রটোকল (নির্বাহী প্রকৌশলী) মনোনয়ন প্রদান করা হয়। এ সংক্রান্ত অফিস আদেশ গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে। | তথ্য প্রদানকারী কর্মকর্তা ও প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার প্রশাসন ও প্রটোকল (নির্বাহী প্রকৌশলী)। |
| ১০ | **চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করণ:** গণপূর্ত অধিদপ্তরের আওতায় নিম্ন আদালত ও মাননীয় সুপ্রিম কোর্টে চলমান মামলাসমূহ দ্রুত সরকারের পক্ষে নিষ্পত্তির উপর গুরুত্ব আরোপ করা হয়। | গণপূর্ত অধিদপ্তরের আওতায় নিম্ন আদালত ও মাননীয় সুপ্রিম কোর্টে চলমান মামলাসমূহ দ্রুত সরকারের পক্ষে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ আইন কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী সকল গণপূর্ত বিভাগসমূহ। |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

21.05.2023

(নন্দিতা রানী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও
সদস্য-সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

বিতরণ: (কার্যার্থে ও জ্ঞাতার্থে):

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন/ ঢাকা মেট্রোপলিটন গণপূর্ত জোন/ গণপূর্ত ই/এম জোন, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)/ (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ....................গণপূর্ত সার্কেল-..................................।
০৪। উপসচিব, উন্নয়ন শাখা-৮, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রধান প্রকৌশলীর ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৬। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)/(ওএন্ডএম)/(তদন্ত কোষ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৭। নির্বাহী প্রকৌশলী (সকল), .........................গণপূর্ত বিভাগ.............................।
০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। সভার কার্য-বিবরণী গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য প্রেরণ করা হলো।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

স্থান : সম্মেলন কক্ষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ২১/০৫/২০২৩খ্রিঃ।

সময় : দুপুর ১২.৩০ ঘটিকা।

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মো: [illegible] <br> উপ-বিভাগীয় প্রকৌশলী | [illegible] সার্কেল <br> গণপূর্ত অধিদপ্তর | 01819207958 | [illegible] 21/05/23 |
| ২ | মুহাম্মদ মনিরুজ্জামান <br> তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01711548001 | [illegible] 21/05/2023 |
| ৩ | মোঃ মশিউর রহমান <br> তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01911161929 | [illegible] 21/05/2023 |
| ৪ | এ,কে,এম [illegible] <br> তত্ত্বাবধায়ক প্রকৌশলী | সাভার সার্কেল | 01730033022 | [illegible] 21/05/23 |
| ৫ | মুহাম্মদ [illegible] <br> তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01552312374 | [illegible] 21/05/2023 |
| ৬ | [illegible] | Sr. GM <br> NDE LTD | 01709058806 | [illegible] 21.05.23 |
| ৭ | [illegible] নূর [illegible] | পরিচালক <br> NDE | 01911433333 | [illegible] |
| ৮ | মো: আহসান হাবীব | PWD, Savar | 01712972009 | [illegible] |
| ৯ | [illegible] | PWD, Savar <br> Sub-Div-2 | 01521432195 | [illegible] |
| ১০ | মো: মেহেদী হাসান | PWD, Mirpur | 01882115148 | [illegible] |
| ১১ | মো: নাসির উদ্দিন খান | PWD Motijheel Divn. | 01716916959 | [illegible] |
| ১২ | Sukamal Chakma | EXEN, UBSP <br> PWD | | [illegible] |
| ১৩ | [illegible] <br> তত্ত্বাবধায়ক প্রকৌশলী | [illegible] সার্কেল -2 | 01552407402 | Sabrina |
| ১৪ | ড. [illegible] <br> নির্বাহী প্রকৌশলী | [illegible] -৬ | 01680861277 | [illegible] |
| ১৫ | মোঃ মোর্শেদ হোসেন | নিঃ প্রঃ <br> ঢাকা গণপূর্ত জোন | 01730033045 | [illegible] |
| ১৬ | মো: নাসির উদ্দিন খান | নিঃ প্রঃ <br> গণপূর্ত সমন্বয় বিভাগ | 01716564850 | [illegible] |
| ১৭ | আ.ন.ম. আনোয়ারুল ইসলাম | নি: প্র: | 01730302471 | [illegible] |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৮ | মো: মামুন বিল্লাহ উপ-বিভাগীয় প্রকৌশলী | মিরপুর গণপূর্ত উপ বিভাগ-২ | 01884151 47 | [signature] |
| ১৯ | কল্যাণ কুমার কুন্ডু উপ. বি. প্র | মিরপুর গণপূর্ত উপ বিভাগ-১ | 0171920[illegible] | [signature] |
| ২০ | মীর তুহিনা ইয়াসমিন রাখী উপ. বি. প্র | গণপূর্ত উপবিভাগ-৪ | 01730-641341 | [signature] |
| ২১. | খন্দকার মাহবুবুর রহমান উচ্চমান সহকারী | সংস্থাপন শাখা -১ | 01716714400 | [signature] ২১/৫/২৩ |
| ২২. | মো: রফিকুল ইসলাম উচ্চমান সহকারী | সংস্থাপন-১ | 01716368243 | [signature] 22/5/23 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |